

TDC (CBCS) Even Semester Exam., 2019

বাংলা

( দ্বিতীয় ষাণ্মাসিক )

পাঠক্রম নং : BNG DSC-201T/BNG GEC-201T

[ বাংলা সাহিত্যের ইতিহাস( আধুনিক যুগ ) ]

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে উত্তর দেওয়া আবশ্যিক

গুচ্ছ—১

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন চারটি) : ১×৪=৪

(ক) শ্রীরামপুর মিশন কত খ্রিস্টাব্দে স্থাপিত হয়?

(খ) রামমোহন রায় রচিত ব্যাকরণ গ্রন্থটির নাম কী?

(গ) ফোর্ট উইলিয়াম কলেজ কে প্রতিষ্ঠা করেন?

(ঘ) কাদের শিক্ষা দেওয়ার জন্য ফোর্ট উইলিয়াম কলেজ স্থাপিত হয়েছিল?

(ঙ) বিদ্যাসাগরের ‘শকুন্তলা’ গ্রন্থটি কোন্ গ্রন্থ অবলম্বনে রচিত?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন একটি) : ২

(ক) রাজা রামমোহন রায়ের উদ্যোগে কোন্ কুপ্রথা বন্ধ হয়েছিল? তাঁর সম্পাদিত পত্রিকাটির নাম কি ছিল?

(খ) বিদ্যাসাগরের স্বরচিত জীবনী গ্রন্থটির নাম কী? হিন্দী ‘বৈতাল পচ্চীসী’-কে তিনি কি নাম দিয়ে অনুবাদ করেছিলেন?

৩। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বাংলা গদ্যের বিকাশের ক্ষেত্রে ফোর্ট উইলিয়াম কলেজের লেখকগোষ্ঠীর গুরুত্বপূর্ণ অবদানের কথা আলোচনা করো।

(খ) রবীন্দ্রনাথ বলেছেন, “বিদ্যাসাগর বাংলা গদ্য-ভাষার উচ্ছৃঙ্খল জনতাকে সুবিভক্ত, সুবিন্যস্ত, সুপরিচ্ছন্ন এবং সুসংযত করিয়া তাহাতে সহজ গতি এবং কার্যকুশলতা দান করিয়াছেন।” বিদ্যাসাগরের গদ্য রচনা অবলম্বনে রবীন্দ্রনাথের এই মন্তব্যের সারবত্তা প্রমাণ করো।

( 3 )

গুচ্ছ—২

৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) :  $1 \times 8 = 8$

- (ক) কোন্ পত্রিকার জন্য কবি ঈশ্বরগুপ্ত বিখ্যাত ছিলেন ?  
(খ) মধুসূদন প্রবর্তিত ছন্দটির নাম কী ?  
(গ) রবীন্দ্রনাথ বিহারীলালকে কি অভিধায় আখ্যায়িত করেছেন ?  
(ঘ) ‘বলাকা’ কাব্যগ্রন্থটি কার রচিত ?  
(ঙ) ‘বনলতা সেন’ কবিতার কবি কে ?

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন একটি) : ২

- (ক) মধুসূদন রচিত পত্রকাব্যটির নাম কী ? কোন্ কাব্য রচনা করে কবি মহাকবির সম্মান লাভ করেছেন ?  
(খ) কত খ্রিস্টাব্দে, কোন্ কাব্যগ্রন্থের জন্য রবীন্দ্রনাথ নোবেল পুরস্কারে সম্মানিত হয়েছেন ?

৬। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৮

- (ক) উনিশ শতকে বাংলা গীতিকবিতার জনক হিসেবে বিহারীলালের কৃতিত্বের পরিমাপ করো।  
(খ) ঈশ্বরগুপ্তকে যুগসন্ধির কবি হিসেবে আখ্যায়িত করা কতদূর যুক্তিসঙ্গত, আলোচনা করো।

J9/2187

( Turn Over )

( 4 )

গুচ্ছ—৩

৭। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন চারটি) :  $1 \times 8 = 8$

- (ক) মধুসূদনের প্রথম নাটক কোনটি ?  
(খ) ‘কমলে কামিনী’ নাটকের নাট্যকার কে ?  
(গ) ‘সধবার একাদশী’ কি জাতীয় রচনা ?  
(ঘ) ‘জনা’ কি জাতীয় নাটক ?  
(ঙ) দ্বিজেন্দ্রলালের একটি ঐতিহাসিক নাটকের নাম করো।

৮। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন একটি) : ২

- (ক) কোন্ নাটকের জন্য দীনবন্ধু মিত্রের নাম প্রসিদ্ধ ? এটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয় ?  
(খ) নট ও নাট্যকার হিসেবে কোন্ নাট্যকার আমাদের কাছে পরিচিত ? তাঁর রচিত একটি সামাজিক নাটকের নাম লেখো।

৯। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৮

- (ক) বাংলা নাটকের ক্রমবিকাশের ধারায় মধুসূদনের অবদান বিষয়ে আলোচনা করো।  
(খ) দ্বিজেন্দ্রলাল রায় রচিত ঐতিহাসিক নাটকগুলির পরিচয় দাও।

J9/2187

( Continued )

( 5 )

গুচ্ছ—৪

১০। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন চারটি) :  $1 \times 8 = 8$

(ক) বঙ্কিমচন্দ্রের খাঁটি ঐতিহাসিক উপন্যাস কোনটি ?

(খ) ‘শেষের কবিতা’ কি জাতীয় রচনা ?

(গ) ‘শ্রীকান্ত’ উপন্যাসের কয়টি পর্ব আছে ?

(ঘ) ‘বৈকুণ্ঠের উইল’ উপন্যাসটির লেখক কে ?

(ঙ) বিভূতিভূষণের কোন্ উপন্যাস অবলম্বনে চলচ্চিত্র নির্মাণ করে সত্যজিৎ রায় বিখ্যাত হয়েছিলেন ?

১১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন একটি) : ২

(ক) ‘ঘরে বাইরে’ উপন্যাসটি কার লেখা ? উপন্যাসটিতে একটি আন্দোলনের প্রসঙ্গ আছে, সেটি কী ?

(খ) কোন্ উপন্যাসিকের রচনায় প্রকৃতির নিখুঁত ছবির বর্ণনা আছে ? তাঁর কোন্ উপন্যাসে দুর্ভিক্ষের মর্মান্তিক ছবি ফুটে উঠেছে ?

( 6 )

১২। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বঙ্কিমচন্দ্র তাঁর সামাজিক বাস্তবায়নী উপন্যাসে যে সৃজনশীলতার পরিচয় দিয়েছেন তা বিশদ করো।

(খ) বাংলা উপন্যাস-সাহিত্যে শরৎচন্দ্রের অবদান বিষয়ে আলোচনা করো।

গুচ্ছ—৫

১৩। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন চারটি) :  $1 \times 8 = 8$

(ক) রবীন্দ্রনাথের ছোটগল্পগুলির সঙ্কলন গ্রন্থের নাম কী ?

(খ) ছোটগল্প রচনার সূচনাপর্বে রবীন্দ্রনাথ কোথায় অবস্থান করেছিলেন ?

(গ) মানিক বন্দ্যোপাধ্যায়ের একটি গল্প-সঙ্কলনের নাম করো।

(ঘ) ‘বেদিনী’ গল্পটি কার লেখা ?

(ঙ) পরশুরাম কোন্ লেখকের ছদ্মনাম ?

১৪। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন একটি) : ২

(ক) প্রাগৈতিহাসিক গল্পটি কার লেখা ? এটি লেখকের কোন্ গল্প-সঙ্কলনের অন্তর্ভুক্ত ?

(খ) পরশুরামের অধিকাংশ ছোটগল্পের প্রধান রস কী ? তাঁর যে কোনো একটি গল্প-সঙ্কলনের নাম করো।

( 7 )

১৫। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

৮

- (ক) বাংলা ছোটগল্পের ধারায় রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান সম্পর্কে আলোচনা করো।
- (খ) তারাশঙ্কর রচিত কয়েকটি ছোটগল্প অবলম্বনে গল্পরচনায় তাঁর বৈশিষ্ট্যের পরিচয় দাও।

\*\*\*